

ঢাকা নৌঅঞ্চলের বাৎসরিক বনভোজন-২০১৮ অনুষ্ঠিত

গত ১০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ শনিবার মিরপুর-১৪ নাবিক কলোনী মাঠে ঢাকা নৌঅঞ্চলের সকল স্তরের কর্মকর্তা, নাবিক, বেসামরিক কর্মকর্তা, কর্মচারী ও তাদের পরিবারবর্গের সদস্যদের অংশগ্রহণে বাৎসরিক বনভোজন-২০১৮ অনুষ্ঠিত হয়। বনভোজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ এবং বিশেষ অতিথি ছিলেন প্রেসিডেন্ট বানৌপক সংঘ বেগম নাজমুন নিজাম। উক্ত বনভোজনে বিভিন্ন ধরনের খেলাধুলাসহ র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হয়। বনভোজন উপলক্ষে বিশেষ প্রীতিভোজের আয়োজন করা হয় যেখানে প্রধান অতিথি, বিশেষ অতিথি এবং ঢাকা নৌঅঞ্চলের সকল উর্ধ্বতন কর্মকর্তাসহ উপস্থিত সকলে অংশগ্রহণ করেন।



